দৈনিক সংবাদ 334

তারিখ JUN. 9 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

## প্রসঙ্গ ঃ ইংরেজি শিক্ষা

ইংরেজি একটি আন্তর্জাতিক ভাষা। আমরা বাংলাভাষী হলেও আমাদের দেশে ইংরেজি ভাষার প্রয়োজনীয়তা অনেক। উচ্চ শিক্ষাসহ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় ইংরেজি জ্ঞান অবশ্যম্ভাবী। এজন্য প্রতিটি ছাত্রছাত্রীকে ইংরেজি বিষয়ক নিয়মাবলি সম্পর্কে সম্যক ধারণা প্রয়োজন। মূলত ইংরেজি শিক্ষার নিয়মাবলি শিক্ষার উপযুক্ত সময় মাধ্যমিক পর্যায়ে। যথা ষষ্ঠ-অষ্টম শ্রেণী পর্যন্ত তথা দশম শ্রেণী পর্যন্ত। কিন্তু নবম ও দশম শ্রেণীর তথা ষষ্ঠ-অষ্টম শ্রেণীর পাঠ্যসূচি অনুযায়ী ইংরেজি গঠনশৈলীর কোন স্থান রাখা হয়নি। যেমন ইংরেজি শিক্ষার প্রাণ Tense-এর কোন নিয়মাবলি শিক্ষার বাধ্যবাধকতা রাখা হয়নি। অথচ Tense is the father of English—তদ্রূপ এ পাঠ্যসূচিতে Grammatical কোন বিষয় স্থান পায়নি। যেমন পূর্বে Voice. Narration. Translation. Parts of Speech ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত ছিল, যেগুলো Grammatical বিষয়। বর্তমান সিলেবাসে Grammatical প্রশ্ন নেই বললেই চলে। শুধু ১০ নম্বরের। এগুলো আবার শুধু Fill in the blanks. Verb-এর উপর। এরূপ অবস্থা ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী তথা অষ্টম শ্রেণীর বৃত্তির বেলায়। Grammatical প্রশ্নের পরিবর্তে দেয়া হয়েছে Seen এবং Unseen Comprehesion শুধু ঠিক রাখা হয়েছে ও Letter/Application ও Eassey-Paragraph রয়েছে বিভিন্ন Key Word তথা প্রশ্নাবলি দিয়ে। কিন্তু Tense তথা Grammatical বিষয়াদি না শিখিয়ে Seen এবং Unseen Comprehension লেখার দিকে ছাত্রছাত্রীদের ধাবিত করা কতটুকু যুক্তিযুক্ত হবে।

শ্যামল চৌধুরী
মোহনগঞ্জ, নেত্রকোনা